দৈনিক সংবাদ

তারিখ ...2.7. JAN 1996 .....
পৃষ্ঠা 7 কলাম ...

245

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# ৯টি অফিস প্রধানের পদসহ ৫১টি পদ শূন্য দীর্ঘদিন ধরে

॥ হাফিজুর রহমান কার্জন ॥

ন'টি অফিস প্রধানের পদসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দফতরের ৫১টি পদ শূন্য রয়েছে। এর ফলে প্রশাসনিক জটিলতা দেখা দিয়েছে। ঐ পদগুলোতে ভারপ্রাপ্ত লোক বসিয়ে দেয়ার ফলে একদিকে প্রশাসনিক জটিলতার সৃষ্টি হচ্ছে অন্যদিকে যোগ্য, মেধাবী লোকজন বিশ্ববিদ্যালয়ের চাকরিতে আসতে পারছে না।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দফতরে খোঁজ নিয়ে এবং কয়েকটি বিশ্বস্ত সূত্র

পদ : পৃঃ ৮ কঃ ১

## পদ : শূন্য

( ১ম পৃষ্ঠার পর )

থেকে তথ্যগুলো জানা গেছে।

সূত্রমতে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের পদটি ৪ বছর আগে শূন্য হয়েছে। এই পদে আবু জায়েদ শিকদার ৬০ বছর বয়সে অবসর গ্রহণ করার পরও বর্তমানে ৪ বছর যাবৎ পুনর্নিয়োগপ্রাপ্ত হয়ে দায়িত্ব পালন করছেন। এই পদটি পূরণের জন্য গত বছর বিজ্ঞাপন দেয়া হয়েছিল। সম্প্রতি সিলেকশন কমিটির সভাও হয়েছে। কিন্তু নতুন কাউকে এ পদে নিয়োগ দেয়া হয়নি।

বর্তমান রেজিস্ট্রার একই সাথে পরিকল্পনা ও উন্নয়ন অফিসের ভারপ্রাপ্ত পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন। পরিকল্পনা ও উন্নয়ন অফিসের পরিচালকের পদটি প্রায় ২ বছর ধরে শূন্য রয়েছে। গ্রন্থাগারিকের পদটি দীর্ঘ প্রায় ৮ বছর ধরে শূন্য রয়েছে।

পরিচালক (ছাত্র নির্দেশনা ও পরামর্শদান) পদটি প্রায় দু'বছর ধরে শূন্য রয়েছে। এ পদে ভারপ্রাপ্ত হিসেবে দায়িত্ব পালন করছেন অধ্যাপক হামিদা আখতার বেগম।

পরীক্ষা নিয়ন্ত্রকের পদটি সম্প্রতি শূন্য হলেও ঐ পদে এখন পর্যন্ত কাউকে নিয়োগ করা হয়নি।

শারীরিক শিক্ষা কেন্দ্রের পরিচালকের পদটি শূন্য হয়েছে বছর খানেক হল।

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রকাশনা সংস্থার পরিচালকের পদটি প্রায় ২ বছর ধরে শূন্য রয়েছে। ভারপ্রাপ্ত পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক। ভারপ্রাপ্ত একজন শিক্ষকের পক্ষে সার্বক্ষণিক সময় দেয়া সম্ভব নয়। ফলে প্রকাশনার বিভিন্ন কাজে জটিলতা দেখা দিচ্ছে। এ পদটি কিছুদিন পূর্বে বিজ্ঞাপিত করা হয়েছিল, কিন্তু এখন পর্যন্ত কাউকে নিয়োগ দেয়া হয়নি।

সূত্র জানায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান কারখানায় চিফ ইনস্ট্রুমেন্ট ইঞ্জিনিয়ারের পদটি দীর্ঘ ৮/১০ বছর ধরে শূন্য রয়েছে।

একইভাবে ''ল' রিটেইনার'' এর পদটি প্রায় ১০/১২ বছর ধরে শূন্য রয়েছে। এই পদে একজন খন্ডকালীন ব্যক্তিকে দিয়ে কাজ চালানো হচ্ছে। খন্ডকালীন হবার ফলে বিশ্ববিদ্যালয়ের যাবতীয় মামলা সুষ্ঠুভাবে পরিচালনা করা তার পক্ষে সম্ভব হয় না বলে সূত্র জানায়।

সূত্রমতে, অফিস প্রধান ছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দফতরের যেসব পদ শূন্য রয়েছে সেগুলো হচ্ছে : উপ-রেজিস্ট্রার–৩টি, উপ-হিসাব পরিচালক–১টি, পরীক্ষা উপ-নিয়ন্ত্রক–১টি, উপ-পরিচালক (শারীরিক শিক্ষা) ১টি, উপ-পরিচালক (টিএসসি)–১টি, বিশ্ববিদ্যালয় প্রকৌশলী–১৫টি, নির্বাহী প্রকৌশলী–১টি, সিনিয়র মেডিক্যাল অফিসার –১টি, মেডিক্যাল অফিসার–১টি, সহকারী মেডিক্যাল অফিসার–১টি, সহকারী রেজিস্ট্রার–৪টি, বিশ্ববিদ্যালয় ফটোগ্রাফার–১টি, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)–১টি, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক– ৪টি, সহকারী ইনস্ট্রুমেন্ট ইঞ্জিনিয়ার–১টি, সহকারী–গ্রন্থাগারিক–১টি, সিনিয়র রিপ্রোডাকশন অফিসার–১টি, জুনিয়র গ্রন্থাগারিক–১টি, সহকারী রিপ্রোডাকশন অফিসার–১টি, জুনিয়র প্রিজারভেশন অফিসার ১টি, স্টোর অফিসার (কেন্দ্রীয় স্টোর)–১টি, শাখা অফিসার–৩টি, পরিবহন অফিসার–১টি, একাউন্টস অফিসার–১টি, ফিজিক্যাল ইনস্ট্রাক্টর–১টি, কম্পেক্স ইঞ্জিনিয়ার–১টি, সুইমিং কোচ–১টি, স্টোর অফিসার (ঢাকা বিশ্ববিদ্যালয় প্রেস)–১টি, সিস্টেম এনালিস্ট (কম্পিউটার সেন্টার)–১টি, প্রোগ্রামার–১টি এবং রিসার্চ অফিসার–২টি।